

গণিত বিভাগীয় শিক্ষার্থীদের জন্য বিভিন্ন সংস্থা ও ট্রাস্ট ফান্ড কর্তৃক স্বর্ণ পদক ও বৃত্তির তালিকা :

১। এ. এফ. মুজিবুর রহমান ফাউন্ডেশন:

- (ক) সম্মান পরীক্ষায় প্রথম শ্রেণীতে প্রথম স্থান অধিকারীকে একটি স্বর্ণপদক ও এককালীন ২০,০০০/- টাকার বৃত্তি প্রদান করা হয়।
(খ) এম.এস. গণিত থিসিস ও নন-থিসিস উভয় গ্রুপের প্রথম শ্রেণীতে প্রথম স্থান অধিকারী প্রত্যেককে একটি করে স্বর্ণপদক ও এককালীন ৩০,০০০/- টাকার বৃত্তি প্রদান করা হয়।

২। রহমত আরা হোসেন বৃত্তি তহবিল:

বি.এস. সম্মান পরীক্ষায় গণিত বিষয়ে সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত ছাত্রীকে ২য় পর্ব স্নাতকোত্তর শ্রেণীতে ভর্তি হওয়া সাপেক্ষে মাসিক ২৫০/- টাকা হারে এক বছরের জন্য একটি বৃত্তি প্রদান করা হয়।

৩। ড. এস.এ. সালাম স্মারক বৃত্তি:

বি.এস. সম্মান পরীক্ষায় গণিত বিষয়ে সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত ছাত্র-ছাত্রীকে শেষ পর্ব এম.এস. শ্রেণীতে অধ্যয়নরত অবস্থায় মাসিক ৪০০/- টাকা হারে এক বছরের জন্য একটি বৃত্তি প্রদান করা হয়।

৪। এ.কে. বজলুল করিম ট্রাস্ট ফান্ড:

- (ক) গণিত বিভাগের এম.এস. পরীক্ষায় সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত ছাত্র-ছাত্রীকে একটি স্বর্ণপদক পুরস্কার প্রদান করা হয়।
(খ) গণিত বিভাগের এম.এস. শ্রেণীতে অধ্যয়নরত একজন গরীব ও মেধাবী ছাত্র-ছাত্রীকে চেয়ারম্যানের সুপারিশক্রমে মাসিক ৫০০/- টাকা হারে এক বছরের জন্য একটি বৃত্তি প্রদান করা হয়।

৫। জোবেদা জফির ট্রাস্ট ফান্ড:

(ক) গণিত বিষয়ে ১ম বর্ষ বি.এস. সম্মান পরীক্ষায় সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত (৭০% নীচে নয়) ছাত্র-ছাত্রীকে এককালীন ৮০০০/- হারে প্রদান করা হয়।

৬। বেগম হাসিনা সিদ্দিকী ট্রাস্ট তহবিল:

গণিত বিষয়ে ২য় বর্ষ বি.এস. সম্মান পরীক্ষায় সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত ছাত্র-ছাত্রীকে ৩য় বর্ষে অধ্যয়ন কালে মাসিক ৬০০/- টাকা হারে এক বছরের জন্য একটি বৃত্তি প্রদান করা হয়।

৭। মিত্রা ইউসুফ ট্রাস্ট ফান্ড বৃত্তি:

- (ক) ৩য় বর্ষ সম্মান পরীক্ষায় সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত ছাত্র-ছাত্রীকে মাসিক ১০০০/- টাকা হারে এক বছরের জন্য একটি বৃত্তি প্রদান করা হবে। যদি একাধিক শিক্ষার্থী সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত হয় তাহলে উক্ত বৃত্তি সমান হারে ভাগ করে দেয়া হবে।
(খ) 'ক' তে বর্ণিত বৃত্তি প্রাপ্তধারী যদি ছাত্র হয় তাহলে ৩য় বর্ষ সম্মান পরীক্ষায় সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত ছাত্রীকে মাসিক ২৫০/- হারে এক বছরের জন্য একটি বৃত্তি প্রদান করা হবে। অন্যথায় ৩য় বর্ষ সম্মান পরীক্ষায় দ্বিতীয় সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত ছাত্র-ছাত্রীকে মাসিক ২৫০/- টাকা হারে এক বছরের জন্য একটি বৃত্তি প্রদান করা হয়।

৮। এক্সিম ব্যাংক ফাউন্ডেশন বৃত্তি:

১ম বর্ষ বি.এস. সম্মান পরীক্ষায় সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত ও মেধাবী ২জন ছাত্র-ছাত্রীদেরকে একবছরের জন্য বৃত্তি প্রদান করা হয়।

৯। প্রাইম ব্যাংক বৃত্তি:

১ম বর্ষ বি.এস. সম্মান পরীক্ষায় সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত ও মেধাবী ৩জন ছাত্র-ছাত্রীদেরকে একবছরের জন্য বৃত্তি প্রদান করা হয়।

১০। আলহাজ্জ ইয়াকুব আলী খান ট্রাস্ট ফান্ড বৃত্তি:

১ম বর্ষ, ২য় বর্ষ ও ৩য় বর্ষ অনার্সের ফলাফলের ভিত্তিতে ২য় বর্ষ, ৩য় বর্ষ ও ৪র্থ বর্ষ অনার্সের অস্বচ্ছল মেধাবী শিক্ষার্থীদেরকে একবছরের জন্য বৃত্তি প্রদান করা হয়।

১১। Shahid Ronoda Prasad Roy Award of Academic Excellence Trust Fund:

গণিত বিভাগের হিন্দু শিক্ষার্থীদের মধ্যে বি.এস সম্মান পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ প্রাপ্ত একজন শিক্ষার্থীকে এককালীন বৃত্তি।

১২। অধ্যাপক এ কে এম আবদুল মান্নান ট্রাস্ট ফান্ড:

গণিত বিষয়ে বি.এস ১ম বর্ষ সম্মান শ্রেণিতে অধ্যয়নরত আর্থিক অসচ্ছল ও মেধাবী ০১ (এক) জন শিক্ষার্থীকে বিভাগীয় চেয়ারম্যানের সুপারিশক্রমে প্রত্যেককে এককালীন বৃত্তি।

১৩। অধ্যাপক ড. মোঃ মোখলেসুর রহমান ট্রাস্ট ফান্ড:

প্রতি বছর বি.এস সম্মান পরীক্ষায় গণিত বিষয়ে সর্বোচ্চ সিজিপিএপ্রাপ্ত একজন শিক্ষার্থীকে স্বর্ণপদক। ১ম বর্ষ থেকে ৪র্থ বর্ষ পর্যন্ত মোট ৭ টি বৃত্তি প্রদান করা হয়।

১৪। সুমিতমো কর্পোরেশন এশিয়া এন্ড ওসিনিয়া প্রাইভেট লিমিটেড বৃত্তি:

১ম বর্ষ (সম্মান) শ্রেণিতে শিক্ষার্থীদের সদাচারণ, পড়াশুনা সন্তোষজনক অগ্রগতি এবং নিয়মিত অধ্যয়ন সাপেক্ষে এই বৃত্তি প্রদান করা হয়।

১৫। Mitsubishi UF J Foundation Scholarship:

৩য় ও ৪র্থ বর্ষে অধ্যয়নরত যে কোন একজন মেধাবী কিন্তু আর্থিকভাবে অস্বচ্ছল শিক্ষার্থীকে প্রদান করা হয়।

(ড. মো: শহীদুল ইসলাম)

অধ্যাপক ও চেয়ারম্যান

গণিত বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়